

## History Study Material

Dumkal College

Semester-6, DSE Course-I

### HISTORY OF BANGLADESH FROM LIBERATION TO THE PRESENT DAY

#### ছয়দফা কর্মসূচি

পাকিস্তানি শাসকগোষ্ঠী অর্থনৈতিক, রাজনৈতিক ও সামরিক ক্ষেত্রে পূর্ব পাকিস্তানের বাঙালি জনগণের প্রতি যে সীমাহীন বৈষম্য সৃষ্টি করে তার বলিষ্ঠ প্রতিবাদ ছিল এই ছয় দফা কর্মসূচি। ১৯৫৮ অক্টোবর থেকে ১৯৭১ সালের স্বাধীনতা সংগ্রাম পর্যন্ত কার্যত পাকিস্তানের সামরিক শাসন কায়েম ছিল। এই সামরিক শাসন চলাকালীন জেনারেল আইয়ুব খান ১৯৬০ খ্রিস্টাব্দে নিজেকে পাকিস্তানের প্রেসিডেন্ট পদে অধিষ্ঠিত করেন। এই আইয়ুবের স্বৈরাচারী শাসনের অতিষ্ঠ হয়ে ১৯৬৬ সালে আওয়ামী লীগের সভাপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের পূর্ণ স্বায়ত্তশাসনের দাবীতে ছয়দফা কর্মসূচী ঘোষণা করেন। এই ছয়দফা কর্মসূচি হলো-

১. ১৯৪০ সালের লাহোর প্রস্তাব অনুযায়ী সার্বজনীন ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত একটি যুক্তরাষ্ট্রীয় সংসদীয় কাঠামোর সরকার গঠন করতে হবে।
২. যুক্তরাষ্ট্রীয় সরকার কেবল প্রতিরক্ষা ও পররাষ্ট্র বিষয়ের দায়িত্বে থাকবে।
৩. দুই অংশের জন্য দুই পৃথক মুদ্রাব্যবস্থা থাকবে। তবে পূর্ব থেকে পশ্চিমাঞ্চলে মূলধন সরানো হবে না বলে সাংবিধানিক আইন থাকলে একটি সাধারণ মুদ্রা চালু হতে পারে।
৪. কর আদায় বা রাজস্ব আদায়ের ক্ষমতা কেন্দ্রের হাতে থাকবে না। এ ক্ষমতাগুলো থাকবে অঙ্গরাজ্যগুলির হাতে।
৫. বিদেশী মুদ্রা আদান-প্রদান ও অর্জন অঙ্গরাজ্যগুলোর নিয়ন্ত্রণে থাকবে। এর ফলে দুই অঞ্চলের মধ্যে অর্থনৈতিক বৈষম্য দূর হবে।
৬. পূর্ব পাকিস্তানে একটি সামরিক বা আধা-সামরিক বাহিনী গঠিত হবে।

প্রদত্ত এই ছয় দফা দাবির মাধ্যমে আওয়ামী লীগ বৃহত্তর গণতান্ত্রিক কাঠামোর মধ্যে রাজনৈতিক ও অর্থনৈতিক উন্নয়নের কর্মসূচীর নিশ্চয়তা দান করেছিল। ছয় দফা আন্দোলন ছিল প্রকৃতপক্ষে এ দেশের জনগণের ন্যায্য দাবি আদায়ের সংগ্রাম। এই ছয়দফা কর্মসূচি

প্রদানের মাধ্যমে শেখ মুজিবর রহমান সমগ্র বাঙালি জাতিকে স্বাধীকার প্রতিষ্ঠার আন্দোলনে আহ্বান জানান এবং তিনি এই ছয়দফা কর্মসূচীকে ‘বাঙালি জাতির মহাসনদ বা ম্যাগনাকার্টা’ বলে মত প্রকাশ করেন। এই আন্দোলনে নেতৃত্ব দিয়ে শেখ মুজিবর উনসত্তর ও সত্তরের গণআন্দোলন পরিচালনা করেন এবং গণমানুষের চিত্তে স্বাধীনতার আকাঙ্ক্ষাকে তুঙ্গে নিয়ে যান। বিশেষ করে নতুন প্রজন্মের মনে, চিন্তা-চেতনায় ভাষা আন্দোলন ও ছয় দফা আন্দোলন গভীর প্রভাব বিস্তার করেছিল, যা থেকে ক্রমান্বয়ে অঙ্কুরিত হয়ে ওঠেছিল স্বাধীন বাংলাদেশের জাতীয়তার চেতনা।

-----

Dumkal College